# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 11.08.2024 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) কর্তব্যরত অবস্থায় তরুণী পড়ুয়া ডাক্তারকে ধর্ষণ ও খুনের ঘটনার প্রতিবাদে এবং নিরাপত্তার দাবিতে আন্দোলন আরও তীব্র করেছেন আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের জুনিয়ার ডাক্তাররা।

দাবি না মানা হলে জরুরী পরিষেবাও বন্ধ রাখা হবে বলে তাঁরা জানিয়েছেন।

পরিস্থিতি সামাল দিতে আজ হাসপাতালে যান মুখ্য সচিব এবং পুলিশের কর্তা ব্যক্তিরা। পুলিশ কমিশনার জানিয়েছেন, আন্দোলনকারী পড়য়ারা তাদের তদন্তে সন্তুষ্ট। গুজবে কানা না দেবার আবেদন জানিয়েছেন তিনি।

২) আর জি করের ঘটনার প্রতিবাদে আগামীকাল দেশজুড়ে হাসপাতালগুলিতে ধর্মঘটের ডাক দিয়েছে ফেডারেশন অফ রেসিডেন্ট ডক্টর্স অ্যাসোসিয়েশন।
আজও বিভিন্ন মেডিকেল কলেজ হাসপাতালের জুনিয়র ডাক্তাররা কর্মবিরতি পালন করছেন।

৩) আর জি করের ঘটনায় কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রীর হস্তক্ষেপ চেয়েছে বিজেপি।

৪) ৭৮ তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে সারা দেশে শুরু হয়েছে হর ঘর তিরঙ্গা অভিযান। চলবে ১৫ই আগস্ট পর্যন্ত।

৫) ওড়িশায় বাংলার পরিযায়ী শ্রমিকদের ওপর আক্রমণের ঘটনায় রাজ্য সরকার উদ্বিগ্ন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কর্তব্যরত অবস্থায় তরুণী পড়ুয়া ডাক্তারকে ধর্ষণ ও খুনের ঘটনার প্রতিবাদে এবং নিরাপত্তার দাবিতে আন্দোলন আরও তীব্র করেছেন আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের জুনিয়ার ডাক্তাররা। আজ সাংবাদিকদের তাঁরা জানিয়েছেন, প্রশাসন তাদের চার দফা দাবি না মানলে হাসপাতালের জরুরী এবং সাধারণ পরিষেবা বন্ধ থাকবে। ঘটনার বিচারবিভাগীয় তদন্ত, পোস্টমর্টেমের রিপোর্টের বিশদ ও তদন্তের গতি প্রকৃতি আন্দোলনকারী চিকিৎসকদের জানানো, হাসপাতালের প্রিন্সিপাল, সুপার ও চেস্ট মেডিসিন বিভাগের প্রধান এবং আর জি কর হাসপাতালের ভেতরে থাকা ফাঁড়ির ভারপ্রাপ্ত পুলিশ অফিসারের অপসারণ এবং নিহতের পরিবারকে উপযুক্ত অর্থ সাহায্য দেবার দাবি জানিয়েছেন তাঁরা।

(বাইট )

যদিও আজই এম এস ভি পি-কে সরিয়ে দেওয়া হয়েছে। দেশের সমস্ত চিকিৎসক সংগঠনের কাছে তাদের আন্দোলনের প্রতি সমর্থন চেয়েছেন বিক্ষোভরত জুনিয়র ডাক্তাররা।

পরিস্থিতি সামাল দিতে আর জি কর হাসপাতালে বৈঠক করেন মুখ্য সচিব ভগবতী প্রসাদ গোপালিকা, কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েল এবং মুরলীধর শর্মা সহ পুলিশের কর্তা ব্যক্তিরা।

এদিকে, ঘটনার দিন দায়িত্বে থাকা দুই চুক্তি ভিত্তিক নিরাপত্তারক্ষীকে কর্তব্যে অবহেলার দায়ে সাসপেন্ড করেছেন কর্তৃপক্ষ। এক নির্দেশিকায় সমস্ত চুক্তিভিত্তিক কর্মীর নির্দিষ্ট পোষাক, গলায় পরিচিতির কার্ড ঝোলানো এবং ঢোকা ও বেরনোর সময় গেটে সই করা বাধ্যতামূলক করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আন্দোলনকারীদের সঙ্গে বৈঠকে পর পুলিশ কমিশনার বিনীত গোয়েল সাংবাদিকদের জানান, কলকাতা পুলিশ স্বচ্ছ এবং নিরপেক্ষভাবে তদন্ত করছে। তদন্তে সন্তুষ্ট আন্দোলনকারীরা। পড়ুয়াদের দাবি নিয়ে কথা হয়েছে। হাসপাতালের দায়িত্বে থাকা সহকারী পুলিশ কমিশনারকে সরিয়ে দেওয়ার কথাও শ্রী গোয়েল জানিয়েছেন। তিনি

বলেছেন, যদি আন্দোলনকারীদের কারও ওপর সন্দেহ থাকে, তাহলে তাদের জানাতে হবে। পুলিশ কমিশনার বলেন, অনেক ভুয়ো তথ্য ছড়ানো হচ্ছে। তাতে কান না দেওয়ারও আবেদন জানিয়েছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিভিন্ন মেডিকেল কলেজ হাসপাতালে জুনিয়র ডাক্তারদের কর্ম বিরতি চলায় সমস্ত মেডিকেল কলেজের সিনিয়র চিকিৎসকদের ছুটি বাতিল করা হয়েছে। যারা ছুটিতে আছেন, অবিলম্বে তাদের কাজে যোগ দিতে বলেছে স্বাস্থ্য ভবন।

অন্যদিকে, চিকিৎসক পড়ুয়ার মৃতদেহ উদ্ধারের ৪৮ ঘণ্টার বেশি কেটে যাওয়ার পর বিক্ষোভের মধ্যেই আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের সুপার সঞ্জয় বশিষ্ঠকে সরিয়ে দেওয়া হয়েছে। তাঁর জায়গায়  এম এস ভি পি হয়েছেন ডিন বুলবুল মুখোপাধ্যায়। রাজ্যের স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা কৌস্তভ নায়েক জানিয়েছেন, ডাক্তার বশিষ্ঠকে ন্যাশনাল মেডিকেল কলেজের ফিজিওলজি বিভাগে পাঠানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর-এর ঘটনার প্রতিবাদে আজও বর্ধমান, রামপুরহাট, মালদা, বাঁকুড়া, উত্তবঙ্গ সহ বিভিন্ন মেডিকেল কলেজ হাসপাতালের জুনিয়ার ডাক্তার ও স্বাস্থ্য কর্মীরা কর্ম বিরতি চালিয়ে যাচ্ছেন। আজ রবিবার হওয়ায় আউডোর পরিষেবা বন্ধ। তবে, জরুরী পরিষেবা চালু রয়েছে।

আর জি কর হাসপাতালে কর্তব্যরত ডাক্তারি পড়ুয়ার নৃশংস হত্যা ও ধর্ষণের প্রতিবাদে আগামীকাল দেশজুড়ে ধর্মঘটের ডাক দিয়েছে ফেডারেশন অফ রেসিডেন্ট ডক্টর্স অ্যাসোসিয়েশন। হাসপাতালগুলিতে একাধিক পরিষেবা বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে তারা। তবে, জরুরী পরিষেবা চালু থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, আর জি কর হাসপাতালের ভয়ঙ্কর ঘটনা নিয়ে তোলপাড়ের মধ্যেই মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালের গার্লস হস্টেলের সামনে সন্দেহজনকভাবে ঘোরাঘুরি করতে দেখে দুই যুবককে গ্রেফতার করে পুলিশ। দুজনেই হরিহর পাড়ার বাসিন্দা। বহরমপুর আদালত তাদের ১৪ দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে। ধৃতরা

জানায়, শবদাহ করতে এসে প্রকৃতির ডাকে সাড়া দেবার তাগিদে হাসপাতালে ঢুকে পড়েছিল তারা।

গতকাল থেকে হাসপাতালে পুলিশ পাহারা আরো জোরদার করা হয়েছে। বাড়ানো হচ্ছে সিসি ক্যামেরার সংখ্যা।

চিকিৎসক পড়ুয়াদের অভিযোগ, মধ্যরাতে অবাধে গার্লস হস্টেলের মধ্যে কেউ কেউ ঢুকে পড়েন। নিরাপত্তার দাবি করছেন তাঁরা।

মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজের অধ্যক্ষ অমিতকুমার দাঁ জানান, বিশাল জায়গা জুড়ে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজের ক্যাম্পাস। বিভিন্ন ওয়ার্ডে প্রায় ১২০০ রোগী থাকেন। রোগীর আত্মীয়স্বজন হিসাবে অনেকেই বাইরে থেকে ঢোকেন। আর জি করের ঘটনার পুনরাবৃত্তি যাতে না-হয়, সে দিকে খেয়াল রাখা হচ্ছে।

কোচবিহার মেডিকেল কলেজ হাসপাতালেও নিরাপত্তার বাড়তি ব্যবস্থা নিয়েছেন কর্তৃপক্ষ। রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান পার্থ প্রতিম রায় গতকাল কর্তৃপক্ষের সঙ্গে এব্যাপারে বৈঠক করেন। এম এস ভি পি ডাক্তার রাজীব প্রসাদ জানিয়েছেন, হাসপাতাল চত্ত্বরে সি সি ক্যামেরা এবং পুলিশী নজরদারি বাড়ানো হচ্ছে। প্রবেশের ক্ষেত্রে আরোপ করা হচ্ছে একাধিক বিধিনিষেধ। পুলিশকে বলা হয়েছে ক্যাম্পাসে কর্মী সহ সকলেরই ব্রেথ অ্যানালাইজার পরীক্ষা করার জন্য। সন্ধের পর হাসপাতাল চত্ত্বরে অবৈধ পার্কিং বন্ধ করা হচ্ছে।

oooooooooooooooooooo

বিজেপি, আরজিকরের ঘটনায় কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডার হস্তক্ষেপ চেয়েছে। দলের রাজ্য সভাপতি, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, শ্রী নাড্ডাকে লেখা চিঠিতে এই ঘটনার তদন্তে জাতীয় স্বাস্থ্য মিশনের টিম পাঠানোর আর্জি জানিয়েছেন। চিঠিতে শ্রী মজুমদার, ঘটনার বিবরণ দিয়ে, সিবিআই তদন্তের বিষয়ে উদ্যোগ নেওয়ার জন্যও কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানিয়েছেন। তিনি বলেছেন, আরজিকর মেডিকেল কলেজে চিকিৎসকদের বিশ্রামের জন্য পৃথক ঘর না থাকায় ওই মহিলা চিকিৎসককে সেমিনার হলে থাকতে হয়েছিল। এই সমস্যার সমাধানে চিকিৎসকদের বিশ্রামের জন্য প্রয়োজনীয় কক্ষের দাবিও জানিয়েছেন তিনি।

oooooooooooooooooooo

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের পিজিটি তরুণীকে ধর্ষণ ও নৃশংসভাবে খুনের ঘটনায় ধৃত সঞ্জয় রায় বিপর্যয় মোকাবিলা বাহিনীর কর্মী এবং সিভিক ভলান্টিয়ার হিসেবে নিজের পরিচয় দিলেও ঠিক কোন পদে সে কর্মরত ছিল, সে সম্পর্কে পুলিশের তরফে স্পষ্টভাবে কিছু জানানো হয়নি। প্রভাব খাটিয়ে পুলিশের গাড়ি এবং বাইক ব্যবহার করতো সে। থাকতো ৪র্থ ব্যাটেলিয়নের ব্যারাকে। জানা গেছে, কলকাতা পুলিশের ওয়েলফেয়ার কমিটির সদস্য হিসেবে আর জি কর হাসপাতালে অবাধ যাতায়াতের সুযোগ নিয়েই শুক্রবার ভোর রাতে ঘুমন্ত পড়ুয়া ডাক্তারের ওপর নৃশংস অত্যাচার চালায় সে। তার প্রভাবশালী হয়ে ওঠা নিয়ে বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার মুখ্যমন্ত্রীকেই দায়ী করেছেন।

( বাইট – সুকান্ত)

এখনও পর্যন্ত ওই ঘটনায় একজন গ্রেফতার হলেও নিহতের শরীরের বিভিন্ন অংশে আঘাতের ধরন দেখে তার সহকর্মী সহ অনেকেরই সন্দেহ, একাধিক ব্যক্তি এতে জড়িত ছিল।

oooooooooooooooooooooo

আর জি কর মেডিক্যাল কলেজের ঘটনায় অবিলম্বে দোষীদের চিহ্নিত করে ঘটনার বিচার বিভাগীয় তদন্তের দাবি করেছে রাইট টু এডুকেশন ফোরাম পশ্চিমবঙ্গ। ফোরামের পক্ষে ঈশিতা মুখোপাধ্যায় ও অন্যরা আজ এক বিবৃতিতে বলেন, সরকারী হাসপাতালে মহিলা ডাক্তারকে কর্মরত অবস্থায় ধর্ষণ ও খুন করা হোলো। শহরের বুকে সমাজবিরোধী, দাগী অপরাধীরা দাপিয়ে বেড়াচ্ছে। শিক্ষা জগৎ এই ঘটনায় স্তম্ভিত, ক্ষুব্ধ। সমস্ত সরকারী কর্মস্থলে , স্কুল, কলেজ, হাসপাতালে নিরাপত্তার দাবি জানিয়েছেন তাঁরা।

oooooooooooooooooooo

৭৮ তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে সারা দেশে শুরু হয়েছে হর ঘর তিরঙ্গা অভিযান। চলবে ১৫ই আগস্ট পর্যন্ত।

অ্যান্থেম

এই কর্মসূচীর অঙ্গ হিসাবে দেশবাসীকে তাদের বাড়িতে ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উত্তোলন এবং তিরঙ্গার সঙ্গে সেলফি তুলে 'হর ঘর তিরঙ্গা' ওয়েবসাইটে তা আপলোড করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

oooooooooooooooooooo

প্রতিবেশী রাজ্য ওড়িশায় বাংলার পরিযায়ী শ্রমিকদের উপর আক্রমণের ঘটনায় রাজ্য সরকার উদ্বিগ্ন। বিষয়টি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ সরাসরি ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝির সঙ্গে কথা বলেন। পরিযায়ী শ্রমিকদের রাজ্যে দ্রুত ফিরিয়ে আনতে চায় রাজ্য সরকার । সে বিষয়ে দু'জনের মধ্যে কথা হয়েছে বলে জানা গেছে।

উল্লেখ্য, রাজ্যের পরিযায়ী শ্রমিকদের ওড়িশায় কয়েকটি জায়গায় বাংলাদেশী তকমা দিয়ে হ্যানস্থা করা হচ্ছে বলে অভিযোগ উঠেছে । এতে বিভিন্ন জায়গায় আক্রমণের মুখে পড়ছেন তাঁরা । এবার এ বিষয়ে হস্তক্ষেপ করলেন মুখ্যমন্ত্রী ।

ooooooooooooooooooooo

বকখালি সমুদ্রে স্নান করতে নেমে দুই তরুণ আজ দুপুরে তলিয়ে যায়। বিকেলে উদ্ধার হয় ২ জনের দেহ। কলকাতার তপসিয়া এলাকার বাসিন্দা মিনাজ মহসিন ও শেখ আমন আলি সহ পাঁচ বন্ধু বকখালি বেড়াতে গিয়েছিল। দুপুর দু-টো নাগাদ সমুদ্রে নামে তারা। সেই সময় ভাটা চলছিল। প্রথমে একজন তলিয়ে যায়। তাঁকে বাঁচাতে গিয়ে তলিয়ে যায় অপরজন।

oooooooooooooooooooooo

কলকাতা সহ পশ্চিমবঙ্গের সব জেলাতেই আজ থেকে আগামী তিন দিন হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে জানান, বৃষ্টির প্রাবল্য এই মুহূর্তে অনেকটা কম হলেও আগামী দিন বৃষ্টি বাড়ার সম্ভাবনা। আগামী সপ্তাহখানেক রাজ্যের সর্বত্র বৃষ্টি হতে পারে। এটা স্বাভাবিক বর্ষার বৃষ্টি, তাই মৎস্যজীবীদের জন্য কোন সতর্কবার্তা নেই।

(বাইট – সোমনাথ দত্ত)

ooooooooooooooooooooo

কল্যানী ষ্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে জর্জ টেলিগ্রাফ, ২-১ গোলে মোহনবাগান সুপার জায়ান্টকে হারিয়ে দিয়েছে। সেরটো ওর্ণিলেনের দেওয়া গোলে বিরতিতে মোহনবাগান ১-০-য় এগিয়ে যায়। দ্বিতীয়ার্ধে জর্জ টেলিগ্রাফের অমিত এক্কা দুটি গোল করেন। মোহনবাগানের আট ম্যাচে পয়েন্ট ১২ । জর্জ টেলিগ্রাফের ৯ ম্যাচে পয়েন্ট ১৫ ।

oooooooooooooooooooooo

যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ ডুরান্ড কাপ ফুটবলের গ্রুপ লিগের ম্যাচে পাঞ্জাব এফ সি ৩-০ গোলে মুম্বাই সিটি F C, কে পরাজিত করেছে। পাঞ্জাব FC, র বাকেঙ্গা দুটি, মজলজাক একটি গোল করেছেন।

oooooooooooooooooooooooooooo